লেন্স এশিয়া
২৬ জুলাই, ২০২৬

# পাঁচ দিনের তুরস্ক সফর শেষে দেশে ফিরলেন সেনাপ্রধান



সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ছবি: সংগৃহীত

তুরস্কে সরকারি সফর শেষ করে শনিবার (২৫ জুলাই) দেশে ফিরেছেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে তার দেশে ফেরার তথ্য জানিয়েছে।

সফরের শুরুতে তুরস্কের রাজধানীতে দেশটির জাতির প্রতিষ্ঠাতা ও সাবেক প্রেসিডেন্ট মুস্তাফা কামাল আতাতুর্কের স্মৃতিসৌধ আনিতকাবিরে যান সেনাপ্রধান। সেখানে তিনি শ্রদ্ধা নিবেদন করেন।

পাঁচ দিনের সফরে তুরস্কের শীর্ষ সামরিক ও প্রতিরক্ষা কর্মকর্তাদের সঙ্গে একাধিক বৈঠক করেন জেনারেল ওয়াকার-উজ-জামান। এ সময় দেশটির প্রতিরক্ষামন্ত্রী ইয়াসার গুলার, চিফ অব দ্য জেনারেল স্টাফ সেলচুক বায়রাকতারোগলু এবং স্থলবাহিনীর কমান্ডার জেনারেল মেতিন তোকেলের সঙ্গে পৃথকভাবে সাক্ষাৎ করেন তিনি।

এ ছাড়া ইস্তাম্বুল নেভাল শিপইয়ার্ডের পরিচালক রিয়ার অ্যাডমিরাল রিসেপ এরদিনক ইয়েতকিনের সঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করেন সেনাপ্রধান। তুরস্কের ডিফেন্স ইন্ডাস্ট্রি এজেন্সির (এসএবি) প্রতিনিধিদের সঙ্গে প্রতিরক্ষা সংক্রান্ত বিষয়েও আলোচনা করেন তিনি।

সফরের অংশ হিসেবে তুর্কি স্থলবাহিনীর সদরদপ্তর পরিদর্শন করেন জেনারেল ওয়াকার-উজ-জামান। সেখানে তাকে সামরিক রীতিতে গার্ড অব অনার দেওয়া হয়।

LENS ASIA